আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
কেন্দ্রিয় হিসাব বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

হিসাব পরিপত্র নং-০৫/২০২৫ তারিখ ০৯ জুলাই ২০২৫

**বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য রাজস্ব বোর্ড কর্তৃক আরোপিত বিভিন্ন খাতে উৎসে কর (Source Tax), মূল্য সংযোজন কর (VAT) এবং আবগারী শুল্ক (Excise Duty) কর্তনের হার পুনঃনির্ধারণ/পরিবর্তন প্রসংঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিভিন্ন খাতে উৎসে কর (Source Tax), মূল্য সংযোজন কর (VAT) এবং আবগারী শুল্ক (Excise Duty) কর্তনের হার পুনৎনির্ধারণ/পরিবর্তন করা হয়েছে যা ০১ জুলাই ২০২৫ থেকে কার্যকর হবে। অত্র সার্কুলার অনুযায়ী উৎসে কর (Source Tax), মূল্য সংযোজন কর (VAT) এবং আবগারী শুল্ক (Excise Duty) কর্তন করে যথাযথ কোডে হিসাবভুক্ত করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**(ক) উৎসে কর (Source Tax) কর্তনের হারঃ**

আয়কর আইন-২০২৩, অর্থ অধ্যাদেশ-২০২৫, এস.আর.ও. নং- ১৬১-আইন/আয়কর-৩৬/২০২৪ তারিখ-২৯ মে ২০২৪ এবং এস.আর.ও. নং- ১৫৭-আইন/আয়কর-১২/২০২৫ তারিখ-২৬ মে ২০২৫ অনুসারে ০১ জুলাই ২০২৫ হতে উৎসে কর কর্তনের হার নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছেঃ

| ক্রমিক নং | ধারা | খাতের নাম | উৎসে কর কর্তনের হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ধারা-৮৬ | চাকুরী আয় হতে উৎসে কর কর্তন | গড় হার | |
| ০২ | ধারা-৮৯ | ঠিকাদার, সরবরাহকারী ইত্যাদি পরিশোধের ক্ষেত্রেঃ | | |
| | | এমএস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত এম এস স্ক্র্যাপের ক্ষেত্রে | ০.৫% | রিটার্ন দাখিলের প্রমানপত্র (PSR) না থাকিলে প্রদেয় উৎসে কর ৫০% বেশী কর্তন করতে হবে |
| | | পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ০.৬% | |
| | | পেট্রোলিয়াম তেল বিপণন কোম্পানির ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ১% | |
| | | ধান, ধানের কুড়া, চাল, গম, আলু, গবাদি পশু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভুট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, বীজ, পাটকাঠি, সরিষা, তিল, কাঁচা চা-পাতা, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, তেজপাতা এবং পাট সরবরাহের ক্ষেত্রে | ০.৫% | |
| | | তুলা ও সুতা সরবরাহের ক্ষেত্রে | ১% | |
| | | সব ধরনের ফল সরবরাহের ক্ষেত্রে | ২% | |
| | | শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস শিল্প কর্তৃক প্রদত্ত সাব কন্ট্রাক্ট এর ক্ষেত্রে | ১% | |
| | | এমএস বিলেট ব্যতীত সিমেন্ট, লৌহ বা লৌহ পণ্য, ফেরো অ্যালয় পণ্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে | ২% | |
| | | তেলশোধন (Oil refinery) কার্যক্রমে নিযুক্ত কোনো কোম্পানী কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ১.৫% | |
| | | গ্যাস ট্রান্সমিশনে নিয়োজিত কোম্পানির ক্ষেত্রে | ৩% | |
| | | গ্যাস বিতরণে নিযুক্ত কোম্পানির ক্ষেত্রে | ০.৬% | |
| | | স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization line রহিয়াছে এইরূপ কোনো কোম্পানী কর্তৃক তৈয়ারকৃত ৩৩ কভি হইতে ৫০০ কভি Extra High Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে | ৩% | |
| | | সরকার, সরকারের কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধীনস্থ অফিস ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে | ৩% | |
| | | রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে | ৩% | |
| | | শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরহের ক্ষেত্রে | ৩% | |
| | | রিসাইক্লিং শিল্পে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | ১.৫% | |
| | | ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের ক্ষেত্রে | ৫% | |

| ক্রমিক নং | ধারা | খাতের নাম | | উৎসে কর কর্তনের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | সিগারেট, বিড়ি, জর্দা ও গুল শিল্পে তামাকজাত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | | ১০% | |
| | | ক। সারণী ক্রমিক নং ১ হইতে ১৮তে বর্ণিত হয় নাই এমন সকল পণ্য সরবরাহের ক্ষেত্রে-<br>খ। ধারা ৮৯ এ উল্লিখিত অন্যান্য সকল ক্ষেত্রে | | ৫% | |
| ০৩ | ধারা-৯০ | সেবার ক্ষেত্রে পরিশোধ হইতে কর্তনঃ | | | রিটার্ন দাখিলের প্রমানপত্র (PSR) না থাকিলে প্রদেয় উৎসে কর ৫০% বেশী কর্তন করতে হবে |
| | | উপদেষ্টা বা পরামর্শক | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ১৫% | |
| | | | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ৭.৫% | |
| | | পেশাদার সেবা (Professional Service) | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ১৫% | |
| | | | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ৭.৫% | |
| | | কারিগরি সেবা ফি (Technical Services Fee), বা কারিগরি সহায়তা ফি (Technical Know-how or Technical Assistance Fee) | | ১০% | |
| | | (ক) ক্যাটারিং<br>(খ) ক্লিনিং<br>(গ) সংগ্রহ এবং পুনরুদ্ধার এজেন্সি<br>(ঘ) ব্যক্তিগত নিরাপত্তা<br>(ঙ) জনবল সরবরাহ<br>(চ) ক্রিয়েটিভ মিডিয়া<br>(ছ) জনসংযোগ<br>(জ) ইভেন্ট পরিচালনা<br>(ঝ) প্রশিক্ষন, কর্মশালা ইত্যাদি পরিচালনা<br>(ঞ) কুরিয়ার সার্ভিস<br>(ট) প্যাকিং এবং শিফটিং<br>(ঠ) একই প্রকৃতির অন্যান্য সেবা | (১) কমিশন বা ফি এর উপরে | ১০% | |
| | | | (২) মোট বিলের উপরে | ২% | |
| | | প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এজেন্সি সেবা | (১) কমিশন বা ফি এর উপরে | ১০% | |
| | | | (২) মোট বিল এর উপরে | ০.৬৫% | |
| | | ইন্ডেন্টিং কমিশন | | ৭.৫% | |
| | | মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী | | ১০% | |
| | | মোবাইল নেটওয়ার্ক অপারেটর | | ১২% | |
| | | ক্রেডিট রেটিং এজেন্সি | | ১০% | |
| | | মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ | | ৮% | |
| | | ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড | | ৮% | |
| | | শিপিং এজেন্সি কমিশন | | ৮% | |
| | | স্টিভডোরিং/বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটর/শিপ হ্যান্ডলিং অপারেটর | (১) কমিশন বা ফি এর উপরে | ১০% | |
| | | | (২) মোট বিল এর উপরে | ৫% | |
| | | (১) পরিবহন সেবা, গাড়ি ভাড়া, ক্যারিয়িং সেবা এবং মেরামত ও রক্ষনাবেক্ষণ সেবা<br>(২) রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যেকোন প্রকার শেয়ারিং ইকোনমিক প্লাটফর্ম | | ৫% | |
| | | বিদুৎ সঞ্চালনার নিমিত্ত হুইলিং চার্জ | | ৩% | |
| | | ইন্টারনেট সেবা | | ৫% | |
| | | মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর, এজেন্সি বা চ্যানেল পার্টনার, যে নামেই অভিহিত হউক না কেন | | ১০% | |
| | | ফ্রেইট ফরওয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যাতিরেকে গ্রস বিলের উপর | | ১.৫% | |
| | | ক্রমিক নং ১ হইতে ১৮ বর্ণিত হয় নাই এইরুপ অন্য কোনো সেবা যাহা আইনের অন্য কোন ধারার অধীন কর কর্তনযোগ্য নহে | | ১০% | |
| ০৪ | ধারা-৯১ | রয়্যালটি, ফ্র্যাঞ্চইজ বা লাইসেন্স, ট্রেডমার্ক, পেটেন্ট, কপিরাইট, শিল্প নকশা, উদ্ভিদের জাত, ভৌগলিক নির্দেশক পণ্য বা মেধাসত্ব সংক্রান্ত অন্য কোনো সম্পত্তি অথবা অভৌত বা অমূর্ত বা নিরাকার বিষয়ের জন্য অর্থ পরিশোধের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | ভিত্তি মূল্য ২৫ লক্ষ টাকা পর্যন্ত | ১০% | |
| | | | ভিত্তি মূল্য ২৫ লক্ষ টাকার উর্দ্ধে | ১২% | |
| ০৫ | ধারা-৯২ | প্রচার মাধ্যমের বিজ্ঞাপন আয় হতে কর কর্তন | | ৫% | |

| ক্রমিক নং | ধারা | খাতের নাম | | উৎসে কর কর্তনের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | আমানতের সুদ/মুনাফা হতে কর কর্তনঃ | | | |
| ০৬ | ধারা-১০২ | ট্রাস্ট, ব্যক্তিসংঘ ও কোম্পানী ক্ষেত্রে | | ২০% | রিটার্ন দাখিলের প্রমানপত্র (PSR) না থাকিলে প্রদেয় উৎসে কর ৫০% বেশী কর্তন করতে হবে |
| | | অন্যান্য ক্ষেত্রে | | ১০% | |
| ০৭ | ধারা-১০৯ | স্থান ও স্থাপনা ভাড়া (অফিস/গোডাউন/গ্যারেজ ভাড়া) ক্ষেত্রে কর কর্তন | | ১০% | |
| ০৮ | ধারা-১১০ | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার ইত্যাদি হইতে সেবা প্রদনের ক্ষেত্রে কর কর্তন | | ১০% | |
| ০৯ | ধারা-১১৬ | বিদেশী ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক হইতে কর কর্তন | | ৭.৫% | |
| ১০ | ধারা-১১৭ | লভ্যাংশ হইতে কর কর্তনঃ | | | |
| | | শেয়ারহোল্ডার যদি কোনো কোম্পানী হয় | | কোম্পানীর উপর প্রযোজ্য হারে | |
| | | শেয়ারহোল্ডার যদি কোম্পানী ব্যতীত কোন ব্যক্তি হয় | করদাতা শনাক্তকরণ নম্বরধারী (টিআইএন) থাকলে | ১০% | |
| | | | করদাতা শনাক্তকরণ নম্বরধারী (টিআইএন) না থাকলে | ১৫% | |
| ১১ | ধারা-১১৯ | অনিবাসীব্যক্তির (Non-resident) আয় হতে কর কর্তনঃ | | | |
| | | উপদেষ্টা বা পরামর্শক | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ২০% | |
| | | | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ১০% | |
| | | প্রি-শিপমেন্ট পরিদর্শন | | ২০% | |
| | | পেশাদার সেবা (Professional Service) | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ২০% | |
| | | | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত অন্যান্য ব্যক্তির ক্ষেত্রে | ১০% | |
| | | কারিগরি সেবা ফি (Technical Services Fee), বা কারিগরি সহায়তা ফি (Technical Know-how or Technical Assistance Fee) | | ২০% | |
| | | আর্কিটেকচার, ইন্টেরিয়র ডিজাইন বা ল্যান্ডস্কেপ ডিজাইন, ফ্যাশন ডিজাইন বা প্রসেস ডিজাইন | | ২০% | |
| | | সার্টিফিকেশন, রেটিং ইত্যাদি | | ২০% | |
| | | স্যাটেলাইট, এয়ারটাইম বা ফ্রিকোয়েন্সি ব্যবহার বাবদ ভাড়া বা অন্য কোনো ব্যয়/চ্যানেল সম্প্রচার বাবদ ভাড়া | | ২০% | |
| | | আইনি সেবা | | ২০% | |
| | | ইভেন্ট ম্যানেজমেন্টসহ ব্যবস্থাপনা সেবা | | ২০% | |
| | | কমিশন | | ২০% | |
| | | রয়্যালটি, লাইসেন্স ফি বা স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ | | ২০% | |
| | | সুদ | | ২০% | |
| | | বিজ্ঞাপন সম্প্রচার | | ২০% | |
| | | বিজ্ঞাপন নির্মাণ ও ডিজিটাল মার্কেটিং | | ১৫% | |
| | | ধারা ২৫৯ এবং ধারা ২৬০ এ উল্লিখিত ক্ষেত্রসমূহ ব্যতীত নৌপরিবহন বা বিমান পরিবহন | | ৭.৫% | |
| | | কন্ট্রাক্টর, সাব-কন্ট্রাক্টর ও সাব-সাব-কন্ট্রাক্টর কর্তৃক ম্যানুফ্যাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কাজের ক্ষেত্রে | | ৭.৫% | |
| | | পণ্য সরবরাহ | | ৭.৫% | |
| | | মূলধনি মুনাফা | | ১৫% | |
| | | বীমা প্রিমিয়াম | | ১০% | |
| | | যন্ত্রপাতি, সরঞ্জাম ইত্যাদি ভাড়া | | ১৫% | |
| | | লভ্যাংশ | কোম্পানি, তহবিল বা ট্রাস্ট কর্তৃক গৃহীত হইলে | ২০% | |
| | | | কোম্পানি, তহবিল বা ট্রাস্ট ব্যতীত অন্যান্য ব্যক্তি কর্তৃক গৃহীত হইলে | ৩০% | |
| | | শিল্পি, গায়ক বা খেলোয়াড় কর্তৃক গৃহীত অর্থ | | ৩০% | |
| | | বেতন বা পারিশ্রমিক | | ৩০% | |
| | | পেট্রোলিয়াম অপারেশনের অনুসন্ধান বা ড্রিলিং | | ৫.২৫% | |
| | | কয়লা, তেল বা গ্যাস অনুসন্ধানের জন্য সমীক্ষা | | ৫.২৫% | |

| ক্রমিক নং | ধারা | খাতের নাম | উৎসে কর কর্তনের হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| | | জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানির সার্ভেয়ার ফি ইত্যাদি | ৫.২৫% | |
| | | ব্যান্ডউইদ বাবদ পরিশোধ | ১০% | |
| | | কুরিয়ার সার্ভিস | ১৫% | |
| | | অন্য কোনো পরিশোধ | ২০% | |
| ১২ | ধারা-১৩৩ | প্রকাশ্যে নিলামের বিক্রি হতে কর সংগ্রহ | ১০% | |

বিঃদ্রঃ উল্লিখিত খাত ছাড়াও ব্যাংকিং সম্পর্কিত অন্যান্য খাতের উপর বর্তমানে প্রযোজ্য হারে উৎসে কর কর্তন করতে হবে।

### খ) মূল্য সংযোজন কর (VAT) কর্তনের হারঃ

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২, বিধি-২০১৬, অর্থ অধ্যাদেশ-২০২৫ এবং এস.আর.ও. নং ১৮২-আইন/২০২৫/৩১০-মুসক, তারিখ ২৭ মে ২০২৫ অনুসারে ০১ জুলাই ২০২৫ হতে মূল্য সংযোজন কর কর্তনের হার নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছেঃ

| ক্রমিক নং | সেবার কোড | সেবার বিবরণ | | ভ্যাট কর্তনের হার |
|---|---|---|---|---|
| ০১. | এস ০০১.১০ | এসি হোটেল | | ১৫% |
| | এস ০০১.১০ | নন এসি হোটেল | | ১০% |
| | এস ০০১.১০ | রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট, মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত) | | ৫% |
| ০২ | এস ০০২.০০ | ডেকোরেটর্স ও ক্যাটারর্স | | ১৫% |
| ০৩ | এস ০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ | | ১০% |
| ০৪ | এস ০০৩.২০ | ডকইয়ার্ড | | ১৫% |
| ০৫ | এস ০০৪.০০ | নির্মাণ সংস্থা | | ১০% |
| ০৬ | এস ০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা | | ১৫% |
| ০৭ | এস ০০৮.১০ | ছাপাখানা | | ১৫% |
| ০৮ | এস ০০৯.০০ | নিলামকারী সংস্থা | | ১৫% |
| ০৯ | এস ০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | | ২% |
| ১০ | এস ০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা | ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত | ২% |
| | | | খ) ১৬০১ বর্গফুট হইতে তদূর্ধ্ব | ৪.৫% |
| | | | গ) যে কোন সাইজের পুনঃ রেজিষ্ট্রেশনের ক্ষেত্রে | ২% |
| ১১ | এস ০১৪.০০ | ইন্ডেন্টিং সংস্থা | | ১৫% |
| ১২ | এস ০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | | ১৫% |
| ১৩ | এস ০১৭.০০ | কম্যুনিটি সেন্টার | | ১৫% |
| ১৪ | এস ০২০.০০ | জরিপ সংস্থা | | ১৫% |
| ১৫ | এস ০২১.০০ | প্লান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা | | ১৫% |
| ১৬ | এস ০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র | ক) আসবাবপত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হইতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে ভ্যাট হার ১৫%) | ৭.৫% |
| | | | ক) আসবাবপত্রের বিপণন কেন্দ্র (উৎপাদক পর্যায়ে ৭.৫% মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ভ্যাট হার ১৫%) | ৭.৫% |
| ১৭ | এস ০২৮.০০ | কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস | | ১৫% |
| ১৮ | এস ০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | | ১৫% |
| ১৯ | এস ০৩২.০০ | কনসালটেন্সি ফার্ম ও সুপারভাইজরি ফার্ম | | ১৫% |
| ২০ | এস ০৩৩.০০ | ইজারাদার | | ১৫% |
| ২১ | এস ০৩৪.০০ | অডিট এন্ড একাউন্টিং ফার্ম | | ১৫% |
| ২২ | এস ০৩৭.০০ | যোগানদার (Procurement Provider) | | ১০% |
| ২৩ | এস ০৪০.০০ | সিকিউরিটি সার্ভিস | | ১৫% |
| ২৫ | এস ০৪৫.০০ | আইন পরামর্শক | | ১৫% |

| ক্রমিক নং | সেবার কোড | সেবার বিবরণ | | ভ্যাট কর্তনের হার |
|---|---|---|---|---|
| ২৬ | এস ০৪৮.০০ | পরিবহন ঠিকাদার | পেট্রোলিয়ামজাত পন্য পরিবহনের ক্ষেত্রে | ৫% |
| | | | অন্যান্য পণ্য পরিবহনের ক্ষেত্রে | ১৫% |
| ২৭ | এস ০৪৯.০০ | যানবাহন ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ২৮ | এস ০৫০.১০ | আর্কিটেক্ট, ইন্টেরিয়র ডিজাইনার বা ইন্টেরিয়র ডেকোরেটর | | ১৫% |
| ২৯ | এস ০৫০.২০ | গ্রাফিক ডিজাইনার | | ১৫% |
| ৩০ | এস ০৫১.০০ | ইঞ্জিনিয়ারিং ফার্ম | | ১৫% |
| ৩১ | এস ০৫২.০০ | শব্দ ও আলোক সরঞ্জাম ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ৩২ | এস ০৫৩.০০ | বোর্ড সভায় যোগদানকারী | | ১৫% |
| ৩৩ | এস ০৫৪.০০ | উপগ্রহ চ্যানেলের মাধ্যমে বিজ্ঞাপন প্রচারকারী | | ১৫% |
| ৩৪ | এস ০৫৮.০০ | চার্টার্ড বিমান বা হেলিকপ্টার ভাড়া প্রদানকারী | | ১৫% |
| ৩৫ | এস ০৬০.০০ | নিলামকৃত পণ্যের ক্রেতা | | ১৫% |
| ৩৬ | এস ০৬৫.০০ | ভবন, মেঝে ও অংগন পরিস্কার বা রক্ষাণাবেক্ষণকারী সংস্থা | | ১৫% |
| ৩৭ | এস ০৬৬.০০ | লটারির টিকিট বিক্রয়কারী | | ১৫% |
| ৩৮ | এস ০৬৭.০০ | ইমিগ্রেশন উপদেষ্টা | | ১৫% |
| ৩৯ | এস ০৭১.০০ | অনুষ্ঠান আয়োজক | | ১৫% |
| ৪০ | এস ০৭২.০০ | মানব সম্পদ সরবরাহ বা ব্যবস্থাপনা প্রতিষ্ঠান | | ১৫% |
| ৪১ | এস ০৯৯.১০ | তথ্য-প্রযুক্তি নির্ভর সেবা (Information Technology Enabled Services) | | ৫% |
| ৪২ | এস ০৯৯.২০ | অন্যান্য বিবিধ সেবা | | ১৫% |
| ৪৩ | এস ০৯৯.৩০ | স্পন্সরশীপ সেবা (Sponsorship Services) | | ১৫% |
| ৪৪ | এস ০৯৯.৫০ | ক্রেডিট রেটিং এজেন্সি | | ১৫% |

বিঃদ্রঃ কোন ব্যয় খাত অত্র ছকে উল্লিখিত সেবা/খাতের সংগে মিল না থাকলে এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২ এর ধারা-২১ ও প্রথম তফসিলে উল্লিখিত পণ্য বা সেবা ব্যতিরেকে সকল সেবার ক্ষেত্রে অন্যান্য বিবিধ সেবা হিসেবে গণ্য করতে হবে এবং ১৫% হারে ভ্যাট কর্তন করতে হবে।

**গ) আবগারি শুল্ক কর্তনের হারঃ**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থমন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এর এস.আর.ও. নং- ১৫৯-আইন/২০২৫/২৮৭-আবগারি, তারিখ-২৭ মে ২০২৫ এবং এস.আর.ও. নং- ১৩৬-আইন/২০২৪/২৪২-আবগারি, তারিখ-২৭ মে ২০২৪ অনুসারে ০১ জুলাই ২০২৫ হতে আবগারী শুল্ক কর্তনের হার নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছেঃ

| ক্রমিক নং | প্রতি এ্যাকাউন্টে স্থিতির পরিমাণ (পঞ্জিকা বছরের যেকোন সময়ে) | আবগারী শুল্ক কর্তনের হার |
|---|---|---|
| ০১ | ৩,০০,০০০/- টাকা পর্যন্ত (ডেবিট অথবা ক্রেডিট ব্যালেন্স) | শুন্য |
| ০২ | ৩,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০০/- টাকা পর্যন্ত (ডেবিট অথবা ক্রেডিট ব্যালেন্স) | ১৫০/- |
| ০৩ | ৫,০০,০০১/- টাকা হতে ১০,০০,০০০/- টাকা পর্যন্ত (ডেবিট অথবা ক্রেডিট ব্যালেন্স) | ৫০০/- |
| ০৪ | ১০,০০,০০১/- টাকা হতে ৫০,০০,০০০/- টাকা পর্যন্ত (ডেবিট অথবা ক্রেডিট ব্যালেন্স) | ৩,০০০/- |
| ০৫ | ৫০,০০,০০১/- টাকা হতে ১,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ডেবিট অথবা ক্রেডিট ব্যালেন্স) | ৫,০০০/- |
| ০৬ | ১,০০,০০,০০১/- টাকা হতে ২,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ডেবিট অথবা ক্রেডিট ব্যালেন্স) | ১০,০০০/- |
| ০৭ | ২,০০,০০,০০১/- টাকা হতে ৫,০০,০০,০০০/- টাকা পর্যন্ত (ডেবিট অথবা ক্রেডিট ব্যালেন্স) | ২০,০০০/- |
| ০৮ | ৫,০০,০০,০০১/- টাকা হতে তদুর্দ্ধ (ডেবিট অথবা ক্রেডিট ব্যালেন্স) | ৫০,০০০/- |

ঘ) উৎসে কর, মূল্য সংযোজন কর ও আবগারী শুল্ক কর্তনের ক্ষেত্রে অনুসরণীয় বিষয় সমূহঃ

- অফিস ভাড়ার উপর ১০% উৎসে কর এবং ১৫% ভ্যাট কর্তন করতে হবে।
- ইন্টারনেট সেবার উপর ৫% উৎসে কর এবং ৫% ভ্যাট কর্তন করতে হবে।
- সকল প্রকার স্টেশনারী (অফিস স্টেশনারী, প্রিন্টিং স্টেশনারী, টেবিল স্টেশনারী, ইত্যাদি), কম্পিউটার সামগ্রীর (প্রিন্টার, টোনার ইত্যাদি) বিলের উপর উৎসে কর ৫% এবং যদি যোগানদার (Procurement Provider) হয় সেক্ষেত্রে ভ্যাট ১০% অন্যথায় ১৫% কর্তন করতে হবে।
- মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ বিলের উপর উৎসে কর ৮% এবং ভ্যাট ১০%, এছাড়া সকল প্রকার মেরামত ও রক্ষনাবেক্ষণ বিলের উপর উৎসে কর ৫% এবং ভ্যাট ১৫% কর্তন করতে হবে।
- উপরোক্ত উল্লিখিত খাত ছাড়া অন্যান্য সকল ক্ষেত্রে বর্তমানে প্রযোজ্য হারে উৎসে কর এবং ভ্যাট কর্তন করতে হবে।
- একই ভ্যাটসহ বিল/খাতের উপর ভ্যাট ও উৎসে কর কর্তন প্রযোজ্য হলে প্রথমে নিম্নোক্ত নিয়মে আগে ভ্যাট কর্তন করতে হবেঃ

$$\frac{\text{বিল মূল্য} \times \text{প্রযোজ্য ভ্যাটের হার}}{\text{১০০+ প্রযোজ্য ভ্যাটের হার}}$$

  উদাহরণঃ ভ্যাটসহ বিলের পরিমাণ ১১৫.০০ টাকা এবং প্রযোজ্য ভ্যাট হার ১৫% হলে, ভ্যাটের পরিমান হবে (১১৫×১৫)/১১৫)=১৫.০০ টাকা। উক্ত বিল হতে মূসক বাদ দিয়ে অবশিষ্ট (১১৫-১৫)=১০০ টাকার উপর ১০% উৎসে করের পরিমাণ হবে ১০ টাকা এবং সেক্ষেত্রে প্রকৃত পরিশোধযোগ্য বিল হবে ১১৫-(১৫+১০)=৯০ টাকা।

  উল্লেখ্য, ভ্যাট ছাড়া বিলের ক্ষেত্রে বিলের পরিমাণের উপর সরাসরি ভ্যাট এবং উৎসে কর প্রযোজ্য হবে, উদাহরণসরূপ যদি ভ্যাট বাদে বিলের পরিমাণ ১০০.০০ টাকা হয় এবং প্রযোজ্য ভ্যাট হার ১৫% হলে ভ্যাটের পরিমাণ হবে (১০০×১৫%)= ১৫ টাকা এবং ১০% হারে উৎসে কর হবে (১০০×১০%)=১০ টাকা।

- উৎপাদনকারী ১৫ (পনের) শতাংশ হারে বা হ্রাসকৃত হারে বা সুনির্দিষ্ট কর আরোপিত রহিয়াছে এইরূপ কোনো পণ্য উক্ত হার বা সুনির্দিষ্ট কর উল্লেখপূর্বক ফরম মূসক-৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে সরবরাহ করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।
- কোন ব্যবসায়ী ফরম মূসক ৬.৩ (কর চালানপত্র) এর মাধ্যমে ১৫ (পনের) শতাংশ মূসক হার উল্লেখপূর্বক পণ্য সরবরাহ করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।

  তবে শর্ত থাকে যে, উক্ত ক্ষেত্রে ব্যবসায়ী কর্তৃক সর্বশেষ অর্থ-বছরে Integrated VAT Administration System (IVAS) হইতে প্রাপ্ত নিয়মিত দাখিলপত্র পেশ সংক্রান্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহ গ্রহীতার নিকট দাখিল করতে হবে।

  আরোও শর্ত থাকে যে, যৌক্তিক কারণে উক্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র দাখিল করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত প্রত্যয়নপত্র বা মূসক সম্মাননাপত্র সরবরাহ গ্রহীতার নিকট দাখিল করিতে হইবে।

- জ্বালানী তেল, গ্যাস, পানি (ওয়াসা), বিদ্যুৎ, টেলিফোন, মোবাইল ফোন পরিষেবার বিল পরিশোধের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।
- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২ এর প্রথম তফসিলে উল্লিখিত পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।
- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন-২০১২ এর ধারা ২১ এর আওতায় শুন্যহার বিশিষ্ট সরবরাহের ক্ষেত্রে মূসক কর্তন করিতে হইবে না।
- আসবাবপত্রের উৎপাদক ১৫ (পনের) শতাংশ হারে মূসক প্রদর্শনপূর্বক স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের রাজস্ব কর্মকর্তা বা সহকারী রাজস্ব কর্মকর্তা কর্তৃক প্রত্যয়িত ফরম মূসক-৬.৩ প্রদান করিলে সেই ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে না।
- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময়ে সময়ে জারীকৃত প্রজ্ঞাপন/এসআরও দ্বারা অব্যহতি প্রাপ্ত পণ্য বা সেবার ক্ষেত্রে উৎসে কর/ মূল্য সংযোজন কর (মূসক) কর্তন করতে হবে না।
- উৎসে কর কর্তনের ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমানপত্র দাখিল করতে ব্যর্থ হলে বিদ্যমান হারের অতিরিক্ত ৫০% উৎসে কর কর্তন করতে হবে (যেমন মূল হার যদি ১০% হয় তবে অতিরিক্ত আরও ৫% অর্থাৎ ১৫% উৎসে কর কর্তন করতে হবে) ।

- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক উৎসে কর, ভ্যাট ও আবগারি শুল্ক কর্তনের হার পরিবর্তন করা হলে পরিবর্তিত হারে কর্তন করতে হবে।
- এতদবিষয়ে কোন তথ্য/ব্যাখ্যার প্রয়োজন হলে অথবা অস্পষ্টতা দেখা দিলে নিম্নস্বাক্ষরকারীগণের সাথে যোগাযোগ করে তা নিরসনের জন্য পরামর্শ দেওয়া হলো। এছাড়া আয়কর, ভ্যাট ও আবগারি শুল্ক বিষয়ক আইন, বিধি, এস.আর.ও. ইত্যাদি তথ্যের জন্য www.nbr.gov.bd ওয়েবসাইটটি ব্রাউজ করা যেতে পারে।

২। এমতাবস্থায়, বিভিন্ন খাতে উৎসে কর (Source Tax), মূল্য সংযোজন কর (VAT) এবং আবগারী শুল্ক (Excise Duty) কর্তনের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

০৭.০৭.২০২৫
বাদল চন্দ্র দেবনাথ
উপ-মহাব্যবস্থাপক
ফোন: ০২-২২ ২২২৬৮৭৯
ই-মেইল- avubacc@gmail.com

সূত্র নং-১/১১/৩০০/ ৯৯২

তারিখঃ ০৯ জুলাই ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ**

১. স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন/অপারেশন/হিসাব ও নিরীক্ষা) এর দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা
৪. সকল বিভাগ প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। বিভাগ প্রধান, আইসিটি বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে ও Avub Archival System সফটওয়ারে আপলোড করার অনুরোধসহ।
৫. সকল আঞ্চলিক ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৬. সকল আঞ্চলিক নিরীক্ষা প্রধান, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৭. সকল শাখা ব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক।
৮. সংশ্লিষ্ট নথি/মহানথি।

০৯/০৭/২০২৫
মোঃ আব্দুল লতিফ
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
মোবাইল-০১৭৩৩৪৯৭০২১